গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট# এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭
www.nbr.gov.bd

তারিখ: ০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

## ভ্যাটের সকল পেপার রিটার্ন e-VAT System এ এন্ট্রি দেয়ার উদ্যোগ নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড

ভ্যাট ব্যবস্থায় সকল করদাতাদের রিটার্ন e-VAT System এ সংরক্ষণ করার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে জাতীয় রাজস্ব বোর্ড। করদাতাগণ কর্তৃক এযাবতকালে হার্ড কপি আকারে দাখিলকৃত সকল মাসিক রিটার্ন অনলাইন সিস্টেমে এন্ট্রি করার জন্য e-VAT System এ Hard Copy Return Entry নামে একটি নতুন সাব-মডিউল সংযোজন করা হয়েছে। উক্ত সাব-মডিউলটির কর্মসম্পাদন প্রক্রিয়ার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড আজ একটি পরিপত্র জারি করেছে। পরিপত্রটি যথাযথভাবে অনুসরণ করে করদাতাগণ নিজেরাই e-VAT System এ তাদের পূর্বের দাখিলকৃত হার্ড কপি রিটার্ন সিস্টেমে এন্ট্রি করতে পারবেন।

বিদ্যমান ব্যবস্থায় করদাতা কর্তৃক দাখিলকৃত পেপার রিটার্ন (হার্ড কপি) জাতীয় রাজস্ব বোর্ডের e-VAT System এ এন্ট্রিকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের CPC (Central Processing Centre) ব্যবহার করা হয়। এই প্রক্রিয়ায় ভ্যাট কর্মকর্তাগণ করদাতাদের দাখিলকৃত হার্ড কপি রিটার্নের তথ্য সিস্টেমে এন্ট্রি করেন। ভ্যাট কর্মকর্তাদের মাধ্যমে ডেটা এন্ট্রি করা হলে এতে কোনো ভুল হলে এর দায়-দায়িত্ব নির্ধারনে জটিলতা তৈরি হয়। তাছাড়া, ভ্যাট অফিস কর্তৃক বিপুল পরিমান পেপার রিটার্ন e-VAT System এ এন্ট্রি দেয়া যথেষ্ট সময়সাপেক্ষ কাজ। বিদ্যমান পদ্ধতিতে দাখিলকৃত পেপার রিটার্ন e-VAT System এ যথাসময়ে এন্ট্রি কওরা সম্ভব হয় না বিধায় করদাতাগণের ওপর স্বয়ংক্রিয়ভাবে সুদ ও জরিমানা আরোপিত হচ্ছে। এ কারণে পরবর্তীতে অনলাইনে রিটার্ন দাখিল করতে চাইলেও জরিমানা পরিশোধ না করে অনলাইনে রিটার্ন দেয়ার সুযোগ না থাকায় উল্লেখযোগ্য সংখ্যক করদাতা অনলাইনে ভ্যাট রিটার্ন দাখিল করতে পারছেন না।

Hard Copy Return Entry সাব-মডিউলটি সংযোজনের ফলে যে সকল করদাতা মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬৪ অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে হার্ড কপি রিটার্ন দাখিল করেছেন তারা এখন জরিমানা ও সুদ ব্যতিরেকে e-VAT System এ তাদের দাখিলকৃত হার্ড কপি রিটার্ন নিজেরাই এন্ট্রি করতে পারবেন। করদাতাগণ তাদের ই-মেইল ও মোবাইল ফোনে নোটিফিকেশনের মাধ্যমে e-VAT System এর লিঙ্ক পাবেন যার মাধ্যমে সহজেই Hard Copy Return Entry সাব-মডিউলটি ব্যবহার করতে পারবেন।

পূর্বের দাখিলকৃত সকল হার্ডকপি রিটার্ন করদাতাগণ আগামী ৩১/০৩/২০২৬ তারিখ পর্যন্ত কোন জরিমানা ও সুদ ব্যতিরেকে সিস্টেমে নিজেরাই এন্ট্রি করতে পারবেন। পূর্বের দাখিলকৃত পেপার রিটার্নগুলো e-VAT System এ এন্ট্রি সম্পন্ন হলে সকল করদাতা নিরবিচ্ছিন্নভাবে তাদের সকল ভ্যাট রিটার্ন অনলাইনে দাখিল করতে পারবেন। জাতীয় রাজস্ব বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাল করার মাধ্যমে কর ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদীহিতা আনার চলমান উদ্যোগে সম্মানিত করাদাতাগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

**-জাতীয় রাজস্ব বোর্ড**